

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৪৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ আবু কাতাদাহ রাদ্মাল্লাহু আনহুর বক্তব্য "هُما إِلَيَّ" এর দ্বারা উদ্দেশ্য হলো এই দুই দীনার পরিশোধ করার
দায়িত্ব আমার উপর

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ أَبِي قَتَادَةَ: ((هُما إِلَيَّ)) أَرَادَ بِهِ: أَنَّهما عَلَيَّ

আরবী

3048 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِمْرِو قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَمَةَ عَنْ أَبِي قَتَادَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِمْرِو قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَمَةَ عَنْ أَبِي قَتَادَةَ بْنِ رِبْعِي قَالَ: أَتِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بجنازةٍ ليُصلِّي عَلَيْهَا وَقَالَ: (عَلَيْهِ دِينَارَانِ فَقَالَ: (صَلُّوا عَلَى صَاحِبِكُمْ) قَالَ أَبُو قَتَادَةَ: إِلَيَّ يَا رَسُولَ اللَّهِ هُمَا على قَتَقَدَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصلَي عَلَيْهِ.

الراوي: أَبُو قَتَادَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3048 ا خلاصة حكم المحدث: حسن صحيح _ ((أحكام الجنائز)) (ص 111).

বাংলা

৩০৪৮. আবূ কাতাদাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে সালাত আদায় করার জন্য একটি জানাযা আনা হলো। তখন তিনি বলেন, "তার কি ঋণ আছে?" লোকজন বললো, "জ্বী, হ্যাঁ। দুই দীনার ঋণ আছে।" তখন তিনি বলেন, "তোমরা তোমাদের সঙ্গীর জানাযার সালাত আদায় করে নাও।"

আবূ কাতাদাহ রাদিয়াল্লাহু আনহু বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, সেটা পরিশোধ করার দায়িত্ব আমি নিয়ে নিলাম।" তারপর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সামনে অগ্রসর হন এবং তার জানাযার সালাত আদায় করেন।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৯৭; দারেমী: ২/২৬৩; তিরমিযী: ১০৬৯; নাসাঈ: ৪/৬৫; ইবনু মাজাহ: ২৪০৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৫২৫৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১১১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন